গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাকসাম,কুমিল্লা

## বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয়ের ০৮/১১/২০২১খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-১২০ পরিপত্র এবং ১৭/১২/২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৬৯৪ নং প্রজ্ঞাপন এর আলোকে ২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল/ খাসপুকুর ১৪৩২-১৪৩৪ বাংলা সন পর্যন্ত অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবী সমিতিসমূহের নিকট হতে অনলাইনে আবেদন আহবান বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে কুমিল্লা জেলার লাকসাম উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ শ্রেণির জলমহালসমূহ ১৪৩২-১৪৩৪ বাংলা সন (০৩ বছর) মেয়াদে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে স্থায়ীভাবে সমবায় অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিল এবং ইজারা প্রক্রিয়া নিম্নরূপঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে/ ১৫ জানুয়ারী থেকে ২৮ জানুয়ারীর মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০২ | ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে/ ২৯ জানুয়ারীর থেকে ৩১ জানুয়ারী মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে/ ৩ ফেব্রুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারির মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুণের মধ্যে/ ১০ ফেব্রুয়ারী থেকে ১৭ ফেব্রুয়ারির মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুণের মধ্যে/ ১৮ ফেব্রুয়ারি থেকে ১০ মার্চের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৬ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুণের মধ্যে/ ১১ মার্চ থেকে ১৩ মার্চের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে/ ১৪ মার্চ থেকে ০৩ এপ্রিল মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ১ বৈশাখ/ ১৪ এপ্রিল | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**১৪৩২ বাংলা হতে ১৪৩৪ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য সরকারি জলমহালের সম্ভাব্য বার্ষিক ইজারা মূল্যসহ তালিকা নিম্নরূপ**

| ক্রমিক নং | ইউনিয়ন ভূমি অফিসের নাম | খাস পুকুরের নাম | মৌজার নাম | খতিয়ান নং (বি.এস) | দাগ নম্বর (বি.এস) | পরিমাণ (একর) | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য | গড় মূল্যের ৫% বর্ধিত মূল্য | সম্ভাব্য সরকারি মূল্য (০৩ বছরের জন্য) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উত্তরদা | ঠেঙ্গারপাড় খাস পুকুর | ঠেঙ্গারপাড় | ১ | ১৯৭ | ০.২৭ | ৭,৪৫৫/- | ৩৭৩/- | ৭,৮২৮/- |
| ০২ | মুদাফরগঞ্জ | শ্রীয়াং খাস পুকুর (জমিরা দীঘি) | শ্রীঅঙ্গা | ১ | ৭৮৯৯ | ৩.৮৬ | ১,৮৩,৭০০/- | ৯,১৮৫/- | ১,৯২,৮৮৫/- |
| ০৩ | মুদাফরগঞ্জ | পাশাপুর খাস পুকুর-১ | পাশাপুর | ১ | ১২৫৬ | ১.৩২ | ৩১,৫০০/- | ১,৫৭৫/- | ৩৩,০৭৫/- |
| ০৪ | মুদাফরগঞ্জ | পাশাপুর খাস পুকুর-২ | পাশাপুর | ১ | ১২২৪ | ০.৯১ | ৪৫,০০০/- | ২,২৫০/- | ৪৭,২৫০/- |
| ০৫ | পশ্চিমগাঁও | পশ্চিমগাঁও খাস পুকুর | পশ্চিমগাঁও | ১ | ৩৯৬৬ | ০.৫২ | ২৬,৪৬০/- | ১,৩২৩/- | ২৭,৭৮৩/- |
| ০৬ | পশ্চিমগাঁও | খুন্তা খাস পুকুর | খুন্তা | ১ | ২১৮ | ০.৮০ | ২১,০০০/- | ১,০৫০/- | ২২,০৫০/- |

| ক্রমিক নং | ইউনিয়ন ভূমি অফিসের নাম | খাস পুকুরের নাম | মৌজার নাম | খতিয়ান নং (বি.এস) | দাগ নম্বর (বি.এস) | পরিমাণ (একর) | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্য | গড় মূল্যের ৫% বর্ধিত মূল্য | সম্ভাব্য সরকারি মূল্য (০৩ বছরের জন্য) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০৭ | নুরপুর | বিজরা খাস পুকুর-১ | বিজরা | ১ | ১৪১৬ | ১.৯০ | ১৫,৭৫০/- | ৭৮৮/- | ১৬,৫৩৮/- |
| ০৮ | নুরপুর | বিজরা খাস পুকুর-২ | বিজরা | ১ | ২১৫৭ | ১.২৬ | ১৩,৬৫০/- | ৬৮৩/- | ১৪৩৩৩/- |
| ০৯ | নুরপুর | বিজরা পুকুর-৩ | বিজরা | ১ | ১১২৮ | ১.৯২ | ৪৪,৬২৫/- | ২,২৩২/- | ৪৬,৮৫৭/- |
| ১০ | নুরপুর | কাপাশতলা খাস পুকুর-১ | কাপাশতলা | ১ | ১৪০৪ | ০.৮৩ | ৮,৯২৫/- | ৪৪৭/- | ৯,৩৭২/- |
| ১১ | নুরপুর | কাপাশতলা খাস পুকুর-২ | কাপাশতলা | ১ | ১০১৬ | ০.৫৮ | ৭,৩৫০/- | ৩৬৮/- | ৭,৭১৮/- |
| ১২ | নুরপুর | ভাবকপাড়া খাস পুকুর | ভাবকপাড়া | ১ | ২৮৫৬ | ০.৬০ | ৬০,৯০০/- | ৩,০৪৫/- | ৬৩,৯৪৫/- |
| ১৩ | আজগরা | ছিলইন খাস পুকুর-১ | ছিলইন | ১ | ২৯৭ | ০.৬৮ | ১৮,১৯২/- | ৯১০/- | ১৯,১০২/- |
| ১৪ | আজগরা | ছিলইন খাস পুকুর-২ | ছিলইন | ১ | ৫২৫ | ২.১৯ | ১,৮৯,০০০/- | ৯,৪৫০/- | ১,৯৮,৪৫০/- |
| ১৫ | আজগরা | ছিলইন খাস পুকুর-৩ | ছিলইন | ১ | ৪৬ | ০.৭৯ | ৬,৮২৫/- | ৩৪২/- | ৭,১৬৭/- |
| ১৬ | আজগরা | আজগরা খাস পুকুর | আজগরা | ১ | ২৫৮ | ০.৩০ | ১৫,৭৫০/- | ৭৮৮/- | ১৬,৫৩৮/- |
| ১৭ | আজগরা | মধ্য বাতাবাড়িয়া খাস পুকুর | মধ্য বাতাবাড়িয়া | ১ | ২০৪ | ০.৫৪ | ৭,০৫৬/- | ৩৫৩/- | ৭,৪০৯/- |
| ১৮ | আজগরা | পাওতলী খাস পুকুর | পাওতলী | ১ | ৯৭ | ০.৬৬ | ৩১,৫০০/- | ১,৫৭৫/- | ৩৩,০৭৫/- |
| ১৯ | আজগরা | বড়বাম খাস পুকুর | বড়বাম | ১ | ৩৫ | ০.৩৬ | ১৭,০০০/- | ৮,৫০/- | ১৭,৮৫০/- |
| ২০ | আজগরা | আজগরা খাস পুকুর | আজগরা | ১ | ৮২ | ০.৪০ | ৮,০০০/- | ৪,০০/- | ৮,৪০০/- |
| ২১ | নরপাটি | গুন্ডী খাস পুকুর | গুন্ডী | ১ | ১১০ | ১.০৪ | ৯,৪৫০/- | ৪৭৩/- | ৯,৯২৩/- |
| ২২ | গোবিন্দপুর | দুঘাইয়া খাস পুকুর | দুঘাইয়া | ১ | ৮৩৭ | ২.৩২ | ৫৩,৫০০/- | ২,৬৭৫/- | ৫৬,১৭৫/- |
| ২৩ | গোবিন্দপুর | মোহাম্মদপুর খাস পুকুর | মহাম্দপুর | ১ | ১৩৭২ | ৪.৭৩ | ২,৫৩,০০০/- | ১২,৬৫০/- | ২,৬৫,৬৫০/- |
| ২৪ | গোবিন্দপুর | ভাটবাড়ীয় খাস পুকুর -১ | ভাটভাড়ীয়া | ১ | ২৮ | ০.৬১ | ১৪,০৩০/- | ৭০২/- | ১৪,৭৩২/- |
| ২৫ | গোবিন্দপুর | ভাটবাড়ীয় খাস পুকুর -২ | ভাটভাড়ীয়া | ১ | ১৮৫ | ০.৪২ | ৯,৬৬০/- | ৪৮৩/- | ১০,১৪৩/- |

**অনলাইন আবেদন সংক্রান্ত নির্দেশনাবলী ঃ**

ক) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে;

**খ) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/ সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে;**

গ) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখ বন্ধ খামে উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে;

**ইজারা/ বন্দোবস্ত প্রদানের শর্তাবলী ঃ**

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ বা তীরবর্তী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী না থাকে উক্ত সমিতি আবেদন যোগ্য হবে না এবং জলমহালের নিকটবর্তী /তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষ্য বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০২। আবেদনকারী মৎস্যজীবি সমিতি/ সংগঠন বর্তমান কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় অফিসার/ সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ০২ বছরের রিপোর্ট পেশ করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতি/ সংগঠনের ক্ষেত্রে এ রিপোর্ট প্রযোজ্য হবে না।

০৩। আবেদন পত্রের সাথে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সংশ্লিষ্ট জলমহালের আবেদনকারী কর্তৃক প্রদত্ত ইজারা মূল্যের ২০%( শতকরা বিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম বরাবর দাখিল করতে হবে। উক্ত অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্টের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। অবশ্যই চাহিত তথ্যাদি সংযুক্ত করতে হবে। এছাড়া ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/ উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৫। ০৩(তিন) বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের দ্বিতীয় ও তৃতীয় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে পুনরায় মহালটি ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্য হ্রাস পেলে কিংবা ইজারা সম্ভব না হলে তার দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে।

০৬। মৎস্যজীবি সমিতি/সংগঠনের পক্ষে একমাত্র সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষরে আবেদন দাখিল করতে হবে। অন্য কোন সদস্যের স্বাক্ষরে আবেদন পত্র গ্রহণ করা হবে না।

০৭। জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। আবেদনকারীকে আবেদন পত্র দাখিলের পূর্বেই সরেজমিনে পরিদর্শন করে জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদনপত্র দাখিল করতে হবে।

০৮। লীজ গ্রহীতা কোন ক্রমে লীজকৃত জলমহাল অন্য কারো নিকট সাব লীজ/হস্তান্তর করতে পারবে না।এ শর্ত বরখেলাপ করলে লীজ বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী বছর ইজারা গ্রহণের কোন আবেদন করতে পারবে না।

০৯। প্রথম বছর ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহীতাকে ১৫০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ দায়িত্বে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং নিজ দায়িত্বে কর্তৃপক্ষের মাধ্যমে দখল গ্রহণ করতে হবে।অন্যথায় যথাসময়ে মহালের দখল না পাবার অজুহাতে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১০। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময় সময় জারীকৃত সরকারি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে এবং নীতিমালা মোতাবেক ইজারা কার্যক্রম নিয়ন্ত্রিত হবে।

১১। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। ভূমি মন্ত্রণালয়ের ৮-০১-২০১৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯-১৫নং স্মারকের নির্দেশনার আলোকে জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর ১৫ অনুচ্ছেদ এর ৪(খ)-এ উল্লেখিত (ক) এর অধীন কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর বা দীঘির চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত সমিতির অনুকূলে (যাহা সমবায় অধিদপ্তরকিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। উক্ত সমিতি হলো (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা সন্তান (গ)যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না।

১৩। কোন জলমহালের কোন দাগের কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা আদেশ থাকলে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও তা ইজারার বহির্ভূত থাকবে।বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

১৪। কোন জলমহাল ইজারা প্রদান হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে স্বত্ব মামলার উদ্ভব হলে/কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না এবং কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১৫। ইজারা গ্রহীতা জলমহাল ইজারা গ্রহণ করে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ করে মাছ আহরণ/শিকার করতে পারবে না, করলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।

১৭। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠনকে দুটির অধিক জলমহাল বন্দোবস্ত/ইজারা প্রদান করা যাবে না।

১৮। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলে ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা হিসেবে গণ্য হবে।

১৯। সরকার কর্তৃক সময় সময়ে জারীকৃত আদেশ নির্দেশসমূহ মেনে চলতে হবে। যেসকল জলমহাল ইজারা দেয়া হবে, সেখানে মৎস চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।

২০। ইজারা বাতিল কিংবা গ্রহণ অথবা যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

২১। উক্ত শর্তসমূহ আবেদনপত্র/দরপত্র/বিজ্ঞপ্তির সকল প্রকার বিধির পরিপূরক।

২২। সরকারী প্রয়োজনে জলমহালগুলো (বদ্ধ) খনন, সংস্কার বা পুনঃখনন করার সময় ইজারা গ্রহীতাকর্তৃক উজর আপত্তি করা যাবে না।

02.07.2025

(কাউছার হামিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং ৩১.৪২.১৯৮৭.০০০.৯৯.০০১.২২- 03 তারিখঃ 02 / 07/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০২। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা অবগতি ও কার্যার্থে
০৫। উপজেলা . . . . . . . . . ....কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা।
০৬। জনাব, . . . . . . . . . . . . . . . . . , সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লাকসাম, কুমিল্লা।
০৭। চেয়ারম্যান,. . . . . . . ..............ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা। (বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,. . . . . . . . . . . .......ইউনিয়ন ভূমি অফিস (সকল), লাকসাম, কুমিল্লা। (বহুল প্রচারের জন্য বলা হল)
০৯। জনাব,. . . . . . . . . . . . . . . . . . . সভাপতি/সম্পাদক, মৎস্যজীবী সমবায় সমিতি, লাকসাম, কুমিল্লা।
১০। সম্পাদক/সভাপতি. . . . . . . . . পত্রিকা, আগামী . . . . . . . . . খ্রিঃ তারিখ একদিনের জন্য দৈনিক/সাপ্তাহিক . . . . . . . . . . পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৫ কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। সভাপতি/ সম্পাদক,. . . . . . . . . . . . . . .সমিতি. লাকসাম, কুমিল্লা।
১২। নোটিশ বোর্ড।
১৩। অফিস কপি।

02.07.2025

(সিফাতুন নাহার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লাকসাম, কুমিল্লা